দৈনিক আমাদের সময়

তারিখ 15 JAN 2014
পৃষ্ঠা ১ কলাম ১

মন্ত্রীর আশ্বাস প্রত্যাখ্যান

# অনশন অব্যাহত শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের আশ্বাস প্রত্যাখ্যান করেছেন স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার আমরণ অনশনরত শিক্ষকরা। জাতীয়করণের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাড়া না পাওয়া পর্যন্ত কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন তারা।

জাতীয় প্রেসক্লাবের সামনে অনশনরত এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

# অনশন অব্যাহত শিক্ষকদের

(প্রথম পৃষ্ঠার পর) শিক্ষকদের দাবিদাওয়ার বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং কারিগরি ও মাদ্রাসা বিভাগের প্রতিমন্ত্রী কাজী কেরামত আলীর সঙ্গে বৈঠক করেছেন আন্দোলনরত শিক্ষক নেতারা। গতকাল দুপুর ৩টায় কারিগরি ও মাদ্রাসা বিভাগের প্রতিমন্ত্রীর কক্ষে বৈঠকে শিক্ষকদের পক্ষে অংশ নেন স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরী ও মহাসচিব কাজী মোখলেসুর রহমানসহ ২০ থেকে ২৫ জন শিক্ষক।

বৈঠকে মাদ্রাসা শিক্ষকদের দাবির বিষয়টি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে তুলে ধরার আশ্বাস দিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ কর্মসূচি প্রত্যাহারের আহ্বান জানান। তীব্র শীতের মধ্যে আর কষ্ট না করার আহ্বান জানিয়ে নাহিদ বলেন, আপনাদের দাবি ও সমস্যা যথাযথভাবে আমরা প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর কাছে তুলে ধরব। আপনারা ঘরে ফিরে যান।

কবে প্রধানমন্ত্রীকে অবহিত করা হবে? কবে তাদের দাবি পূরণ হবে সেই বিষয়ে সুনির্দিষ্ট ঘোষণার দাবি করেন শিক্ষকরা। কিন্তু সুনির্দিষ্ট কোনো ঘোষণা না থাকায় তার আহ্বান প্রত্যাখ্যান করে কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দেন শিক্ষকরা।

গত রাতে স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরী আমাদের সময়কে জানান, শিক্ষামন্ত্রী আশ্বাসের নামে প্রহসন করছেন। আমরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আমাদের দাবির বিষয়ে ঘোষণা চাই। ঘোষণা না দেওয়া পর্যন্ত আমাদের কর্মসূচি অব্যাহত থাকবে।

এদিকে গতকাল ষষ্ঠ দিনে গড়াল শিক্ষকদের আমরণ অনশন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিবন্ধিত সব স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে ১ জানুয়ারি থেকে লাগাতার অবস্থান কর্মসূচি শুরু করেন শিক্ষকরা। কিন্তু দাবি পূরণ না হওয়ায় ৯ জানুয়ারি থেকে তারা আমরণ অনশন শুরু করেন।

গতকাল দুপুর সোয়া ১২টার দিকে অনশনস্থলে গিয়ে দেখা যায়, প্রচণ্ড শীতের মধ্যে শিক্ষকরা খোলা আকাশের নিচে অনশন করছেন। অসুস্থ অনেককে স্যালাইন দিয়ে রাখা হয়েছে। আরেক পাশে পুরো জাতীয়করণের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করছেন এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। বেসরকারি শিক্ষা জাতীয়করণ লিয়াজোঁ ফোরামের ডাকে পঞ্চম দিনের মতো এই কর্মসূচি পালিত হচ্ছে। সংগঠনটির নেতারা জানিয়েছেন, আজ থেকে তারাও আমরণ অনশন শুরু করবেন।